গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৮- ৫৭০ তারিখঃ ১৪ -০৬-২০১৮

**বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ৩১-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (এপ্রিল/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ৩১-০৫-২০১৮ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির এপ্রিল/২০১৮ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরনী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন মে, ২০১৮ মাসের এডিপি সভার কার্যপত্রে অর্ন্তভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ২০-০৬-২০১৮ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (e-mail: neenashahnaz@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৪ (চার) পাতা।

১৪.০৬.২০১৮


(শাহনাজ বেগম নীনা)
উপ-পরিচালক (পিপি)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: neenashahnaz@gmail.com


**কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।**

১। উপ-পরিচালক (গবেষণা), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
২। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
৩। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
৪। কর্মসূচি পরিচালক, বসতবাড়িতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি, রংপুর।
৫। কর্মসূচি পরিচালক, ফ্রেশকাট শাক-সবজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচি, ঢাকা।
৬। কর্মসূচি পরিচালক, অনলাইন প্রাইজ মনিটরিং সংক্রান্ত ইলেকট্রনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন কর্মসূচি, ঢাকা।

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

০১। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ২০১৭-১৮ অর্থ বছরের এডিপিভুক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ৩১-০৫-২০১৮ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (এপ্রিল/২০১৮ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর। |
| স্থান | : | সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা। |
| সময় | : | দুপুর ১২.০০ ঘটিকা। |
| তারিখ | : | ৩১ মে, ২০১৮ খ্রিঃ। |
| সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ | : | পরিশিষ্ট-'ক' । |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

**আলোচনাঃ**

**১। আলোচ্য বিষয়-১:** ৩০-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ৩০-০৪-২০১৮ তারিখে মার্চ, ২০১৮ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১.১ | ৩০-০৪-২০১৮ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। | উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) |

**২। আলোচ্য বিষয়-২.১:** কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও রাজস্ব বাজেটভুক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির তথ্য উপস্থাপন কালে সভাকে জানানো হয় যে, কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে এডিপিতে ০১টি বিনিয়োগ প্রকল্পের অনুকূলে আরএডিপি ৩৮২.০০ লক্ষ টাকার বিপরীতে ১ম, ২য় ও ৩য় কিস্তি বাবদ মোট ৩২৩.৫০ লক্ষ টাকা ছাড় পাওয়া যায় এবং এপ্রিল, ২০১৮ পর্যন্ত সর্বমোট ২৭৫.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৭২.২১%। তাছাড়া কৃষি বিপণন অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় বাস্তবায়নাধীন ০২টি কর্মসূচী এর আওতায় ২০১৭-১৮ অর্থ বছরে মোট ৮৩.৮০ লক্ষ টাকা বরাদ্দের বিপরীতে ১ম , ২য় ও ৩য় কিস্তি বাবদ ৬২.৮৫ লক্ষ টাকা ছাড় করা হয় এবং এপ্রিল, ২০১৮ পর্যন্ত সর্বমোট ৫৯.৩৯৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে যা মোট বরাদ্দের ৭০.৮৮%। ইতোমধ্যে প্রকল্পের আরএডিপি অনুযায়ী ও রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের ৪র্থ কিস্তির অর্থ ছাড়ের প্রস্তাব করা হয়েছে। এডিপি বাস্তবায়নের হার আরও গতিশীল করার লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি সমূহে বরাদ্দকৃত অর্থ ১০০% অগ্রগতি হওয়ার জন্য প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালককে সভায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচী নামে অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগের ১০/০৪/২০১৮ তারিখে জুলাই,২০১৭ হতে জুন ২০২০ মেয়াদে ১৩৭.০০ লক্ষ টাকা ব্যয়ে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদিত হয়। গত ২২/০৪/২০১৮ তারিখ কর্মসূচির ১ম-৪র্থ কিস্তি পর্যন্ত অর্থ ছাড় করার নিমিত্ত প্রস্তাব করা হয়েছে। ইতোমধ্যে কর্মসূচি পরিচালক হিসেবে জনাব নিখিল চন্দ্র দে, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) কে নিয়োগ করা হয়েছে।

**২.১** বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সকল প্রকল্প ও কর্মসূচির বছর ওয়ারী সকল অডিট আপত্তি অতিদ্রুত নিষ্পত্তি করা,বাস্তবয়িত প্রকল্পের এসেম্বল সেন্টার ও অফিস কাম ট্রেনিং সেন্টার নির্মাণ কাজ নির্ধারিত ব্যয়

প্রাক্কলনের মধ্যে শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং প্রকল্প ও কর্মসূচির সকল ধরণের প্রশিক্ষণ, সার্ভে ও সেমিনার দ্রুত শেষ করতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

**২.২: "সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ (বিপণন অংগ)" প্রকল্পের** আওতায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং ঈদের পর পরই নির্মাণকৃত এসেম্বল সেন্টারের উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশ প্রদান করেন। প্রকল্পের আওতায় নির্মিত অফিস কাম ট্রেনিং সেন্টারের কাজ দ্রুত শেষ করতে নির্মাণকারী প্রতিষ্ঠানকে তাগিদ প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। এছাড়া প্রকল্পের ডিপিপি মোতাবেক অসমাপ্ত কাজ (যদি থাকে) দ্রুত শেষ করতে এখন থেকেই কর্মপরিকল্পনা করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.৩: "বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচি"** কর্মসূচির শেষ বছরে তৃতীয় কিস্তির অর্থ ব্যয়, ০১টি আলুর ঘর নির্মাণ কাজ সম্পন্ন করতে না পারায় সভায় সভাপতি অসন্তোষ জ্ঞাপন করেন। ৩০ মে, ২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করে আলু সংরক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং সকল ধরণের প্রশিক্ষণ ও সেমিনার সম্পন্ন করতে সভায় পুনরায় নির্দেশনা দেয়া হয়। এছাড়া কর্মসূচির মেয়াদ শেষ হলেও এর কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত সংশ্লিষ্ঠ সকল জেলায় পত্র দিতে হবে। আগামী ০২ সপ্তাহের মধ্যে নতুন কর্মসূচীর প্রস্তাবটি কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ কৌশল ও তার উপযোগীতা সম্বলিত ইতোমধ্যে প্রকাশিত তথ্যাদির (লিফলেট, পোষ্টার, হ্যান্ডবিল ও বুকলেট ইত্যাদি (৮ (আট) হাজার) কপি সদর দপ্তরে প্রেরণ করার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

**২.৪ : ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচির** কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে রমজান মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে সভায় পুনরায় নির্দেশ প্রদান করা হয়। এছাড়া বিভাগীয় শহরের বিভিন্ন সুপারশপের উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ফ্রেশকাট কর্মসূচির উদ্যোক্তাগণ কর্তৃক উৎপাদিত পণ্য সামগ্রি বিক্রির ব্যবস্থা গ্রহণের নিমিত্ত কর্মসূচি হতে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । আলু, টমেটোর বিকল্প ব্যবস্থা এবং ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে ব্যাপক প্রচার প্রচারণার লক্ষ্যে কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্টনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয় । এছাড়া জেলায় জেলায় আয়োজিত প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম প্রচারের নিমিত্ত এবং এ ফ্রেসকার্ট সম্পর্কিত বিষয়ের ছোট ছোট ভিডিও ক্লিপ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**২.৫: অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচির** আওতায় গৃহীত ২০১৭-১৮ অর্থ বছরের ১০টি ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপনের জন্য সঠিক জায়গা নির্ধারণের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদের এবং জেলা বাজার কর্মকর্তাদের পত্র দিতে সভায় নির্দেশনা প্রদান করা হয় ।

**৩: দরপত্রের অগ্রগতি বিষয়ে আলোচনাঃ** ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প/কর্মসূচি সমূহের যে সকল পণ্য/কার্য/ সেবার দরপত্রের কার্যাদেশ প্রদান করা হয়েছে তার গুণগত মান ও সিডিউলের নির্ধারিত স্পেসিফিকেশন মোতাবেক কার্য সম্পন্ন করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

**৪-বিবিধঃ** কাঁঠালের গুণাবলী ও বহুমুখী ব্যবহার ও বিপণন সম্ভাবনার উপর ১টি প্রেজেন্টেশন প্রস্তুত ও কাঁঠাল মৌসুমের পূর্বেই ১টি স্টেকহোল্ডার সভার আয়োজন এবং কাঁঠাল মেলার সামগ্রিক প্রস্তুতি গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। আলু ও টমেটো দিয়ে তৈরি বিভিন্ন রকমারি খাদ্যের প্রক্রিয়াজাতকরণ রেসিপি ও খাদ্যের বহুমুখী ব্যবহার এবং কাঁঠালের চিপস, ফ্রেশকাট এবং কাঁচাকাঁঠালকে ভেজিটেবল মিট হিসেবে জনপ্রিয় করার উদ্যোগ নিতে বিজ্ঞাপন করে পত্রিকায়

প্রকাশের ব্যবস্থা করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভার আলোচনার প্রেক্ষিতে কৃষি বিজ্ঞান, প্রায়োগিক গবেষণা, ফসলসমূহের জাতের উন্নয়ন, পুষ্টিগুণ, খাদ্যমান/নিরাপত্তা নিশ্চিতকরণ, খাদ্যের বহুমূখী ব্যবহার, ফসল সংরক্ষণসহ নানা বিষয়ে গঠিত রাইটার্স পুলে প্রতি মাসে ২টি তথ্য সমৃদ্ধ অনুসন্ধিৎসু লিখা নিয়মিতভাবে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে উপ-পরিচালক (গবেষণা)কে নির্দেশনা প্রদান করা হয়। রমজানের পর ফ্রেসকাট কর্মসূচির আওতায় ফ্রেসকাট শাক-সবজি অথবা ফলমূল দিয়ে তৈরী খাবার ব্যাপক প্রচারের লক্ষ্যে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার বিতরনের ব্যবস্থা গ্রহণ করতে সভায় নির্দেশনা প্রদান করা হয়। প্রকল্প পরিচালক ও কর্মসূচি পরিচালকগণকে সভার কার্যবিবরণী অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন এবং পরবর্তী সভার কার্যপত্রে অন্তর্ভুক্তির জন্য নতুন কোন আলোচ্য বিষয় থাকলে তা লিখিতভাবে মহাপরিচালক বরাবর অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করা হয়।

**৫: সভার সিদ্ধান্তসমূহঃ**

সভায় কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়নের কৌশল নিধারণ, উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নে গতিশীলতা আনায়ন এবং প্রকল্প সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | সিদ্ধান্ত সমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ৫.১ | (ক) প্রকল্পের আওতায় এসেম্বল সেন্টার নির্মাণ কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য নির্মাণকারী প্রতিষ্ঠানকে এ বিষয়ে পত্র দিতে হবে এবং নির্মাণকৃত এসেম্বল সেন্টারের উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) প্রকল্পের ডিপিপি মোতাবেক অসমাপ্ত কাজ (যদি থাকে) দ্রুত শেষ করতে এখন থেকেই কর্মপরিকল্পনা করতে হবে। | প্রকল্প পরিচালক<br>আইসিআইএসআরপি<br>(ডিএএম অংগ) |
| ৫.২ | (ক) ৩০ মে, ২০১৮ মাসের মধ্যে সকল আলুর ঘর নির্মাণ কাজ সমাপ্ত করে আলু সংরক্ষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং সকল ধরণের প্রশিক্ষণ ও সেমিনার সম্পন্ন করতে হবে।<br>(খ) কর্মসূচির মেয়াদ শেষ হলেও এর কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত সংশ্লিষ্ঠ সকল জেলায় পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৩ | (ক)গৃহ পর্যায়ে আলু সংরক্ষণাগার নির্মাণ কৌশল ও তার উপযোগীতা সম্বলিত ইতোমধ্যে প্রকাশিত তথ্যাদির (লিফলেট, পোষ্টার, হ্যান্ডবিল ও বুকলেট ইত্যাদি আট হাজার) কপি সদর দপ্তরে প্রেরণ করতে হবে।<br>(খ) কর্মসূচি সমাপ্তি প্রতিবেদন (PCR) প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী |
| ৫.৪ | (ক) রমজান মাসের মধ্যে সকল প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম সমাপ্ত করাসহ কর্মসূচির আওতায় সংগৃহীত ভ্যান গুলোর মাধ্যমে পণ্য সামগ্রী ঢাকা শহরে দৃশ্যমান স্থানে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(খ) কর্মসূচি হতে এ পর্যন্ত যে সকল পণ্য সামগ্রি বিতরণ করা হয়েছে তার তালিকা এবং তার যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকগণদের পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |
| ৫.৫ | (ক) আলু, টমেটোর বিকল্প ব্যবহার এবং ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ সম্পর্কে (কৃষি তথ্য সার্ভিসের মাধ্যমে এবং ব্যক্তিগত পর্যায়ে যোগাযোগ করে) বিভিন্ন জাতীয় পত্রিকা ও ইলেক্ট্রনিক মিডিয়ায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

| | | |
|---|---|---|
| | (খ)জেল্যয় জেলায় আয়োজিত প্রশিক্ষণ, সেমিনার ও মোটিভেশনাল ট্যুর কার্যক্রম প্রচারের নিমিত্ত এবং ফ্রেসকার্ট সম্পর্কিত বিষয়ে ছোট ছোট ভিডিও ক্লিপ করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| **৫.৬** | ২০১৭-১৮ অর্থ বছরের ১০টি ডিজিটাল ডিসপ্লেবোর্ড স্থাপনের জন্য সঠিক জায়গা নির্ধারণের নিমিত্ত সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদের এবং জেলা বাজার কর্মকর্তাদের পত্র দিতে হবে। | কর্মসূচী পরিচালক<br>অনলাইন প্রাইস মনিটরিং সংক্রান্ত ইলেক্টনিক্স ডিসপ্লেবোর্ড স্থাপন শীর্ষক কর্মসূচি |
| **৫.৭** | জাতীয় ফল মেলা উপলক্ষে কাঁঠালের চিপস, ফ্রেশকাট এবং কাঁচাকাঁঠালকে ভেজিটেবল মিট হিসেবে জনপ্রিয় করার উদ্যোগ নিতে এতদসংক্রান্ত লিফলেট বুকলেট প্রনয়ণ করতে হবে। | কর্মসূচী পরিচালক<br>ফ্রেশকাট শাকসব্জি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী |

৬। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে আগামী ঈদ-উল-ফিতর এর শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/৬/১৮

(মোঃ মাহবুব আহমেদ)
মহাপরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর